বিজ্ঞপ্তি নং- বিজিএ/সিএমসি/২০২৫/২৯৬

তারিখঃ ২২ ডিসেম্বর, ২০২৫

# সকল সম্মানিত সদস্যের জন্য

**বিষয়ঃ আগামী ২৫শে ডিসেম্বর'২৫ তারিখে শাহ্‌জালাল আন্তর্জাতিক বিমান বন্দরের কাছাকাছি গার্মেন্টস কারখানা সমূহ পরিচালনা ও মালামাল পরিবহন প্রসঙ্গে।**

বিজিএমইএ'র সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৫শে ডিসেম্বর'২৫ তারিখে বিএনপি'র সম্মানিত ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান বাংলাদেশ বিমান যোগে সকাল ১১:০০ ঘটিকায় শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অবতরন করবেন। ধারনা করা হচ্ছে দীর্ঘ ১৭ বছর পর ওনার স্বদেশ প্রত্যাবর্তন উপলক্ষ্যে বিমান বন্দরের আশ-পাশের এলাকা সমূহে প্রচুর লোক সমাগম হবে। উক্ত লোক সমাগমের কথা বিবেচনা করে উত্তরা (পূর্ব-পশ্চিম), উত্তরখান, দক্ষিণখান, খিলক্ষেত, আব্দুল্লাপুর, তুরাগ, টঙ্গী, পুবাইল, রূপগঞ্জ, কাঞ্চন ব্রীজ ও আশুলিয়া এলাকার (পূর্বাংশ) কারখানা সমূহের বাস যোগে শ্রমিক যাতায়াত এবং জরুরী আমদানী-রপ্তানী মালামাল পরিবহনে বিঘ্ন ঘটতে পারে।

এমতাবস্থায়, সার্বিক দিক বিবেচনা করে উক্ত এলাকার কারখানা সমূহের শ্রমিকদের যাতায়াত এবং আমদানী-রপ্তানী মালামাল পরিবহনে কারখানা কর্তৃপক্ষকে সিদ্ধান্ত গ্রহণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য যে, প্রয়োজনে শ্রমিক পক্ষের সাথে আলোচনা করে উক্ত তারিখের আগে বা পরে যে কোন একদিন জেনারেল ডিউটি করা স্বাপেক্ষে ২৫শে ডিসেম্বর, ২০২৫ তারিখে ছুটি রাখা যায় কি-না বিবেচনা করা যেতে পারে। এ ছাড়াও জরুরী আমদানী-রপ্তানী কাজে ব্যবহৃত কভার্ডভ্যান চলাচলের বিষয়ে এলাকার সার্বিক অবস্থা স্বাভাবিক না হওয়া পর্যন্ত, অন্য রুট ব্যবহার করার জন্য বিনীত ভাবে অনুরোধ জানানো যাচ্ছে। প্রয়োজনে উক্ত বিষয়ে **জনাব মোঃ আবুল হোসেন, যুগ্ম-সচিব (সিএমসি), বিজিএমইএ, মোবা: ০১৯১৩৫২৯৯৩০** এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

ধন্যবাদান্তে,

২২/১২/২৫

মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব।